দৈনিক ইত্তেফাক

তারিখ 25 JUN 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭

# আজ এইচ এস সি পরীক্ষা শুরু

**ইত্তেফাক রিপোর্ট ।।** আজ (বৃহস্পতিবার) হইতে দেশের ৪টি শিক্ষা বোর্ডের ১৯৯২ সালের এইচ,এস,সি পরীক্ষা শুরু হইবে। ঢাকা, রাজশাহী, যশোর, কুমিল্লা এই ৪টি শিক্ষা বোর্ডের আওতায় ৫৯৪ টি কেন্দ্রে মোট দুই লক্ষ ৪৭ হাজার ৬৬৯ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিবে। ইহাদের ঢাকা বোর্ডে ৮১ হাজার ৮৫৪জন, রাজশাহী বোর্ডে ৬৫ হাজার ১৩১ জন, কুমিল্লা বোর্ডে ৫৫ হাজার ২৫২ জন ও যশোর বোর্ডে ৪৫ হাজার ৪৩২ জন পরীক্ষার্থী রহিয়াছে। পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণের জন্য সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করিয়াছেন। নকল প্রতিরোধের লক্ষ্যে জেলা-উপজেলা পর্যায়ে ভিজিলেন্স টীম গঠন করা হইয়াছে। পরীক্ষা কেন্দ্রের ২শত গজের মধ্যে বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ থাকিবে। পরীক্ষা চলাকালীন পরীক্ষার্থী পানি ছাড়া অন্যকিছু পান করিতে পারিবে না। পরীক্ষা চলাকালে এদিক-ওদিক তাকানো বা কথা বলা যাইবে না। কেন্দ্র কর্তৃক সরবরাহকৃত প্রশ্নপত্র ও উত্তরপত্র ছাড়া কোন প্রকার লিখিত বা মুদ্রিত কাগজ সাথে রাখা যাইবে না। পরীক্ষার হলে কোন পরীক্ষার্থী পরিদর্শকদের সহিত দুর্ব্যবহার (শেষ পৃঃ দ্রঃ)

## এইচ,এস,সি পরীক্ষা

( ১ম পৃঃ পর )

বা ভীতি প্রদর্শন করিলে ঐ বৎসরের জন্য পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল ঘোষণা করা হইবে। কেন্দ্র কর্তৃক সরবরাহকৃত মূল উত্তর পত্রের খাতা পরিবর্তন করিলে বা লিখিত অতিরিক্ত উত্তরপত্র দাখিল করিলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর ঐ বৎসরের পরীক্ষা বাতিল এবং পরবর্তী ৩ বৎসরের জন্য পরীক্ষা দেওয়ার অনুমতি দেওয়া হইবে না।

এদিকে দেশে পরিবহন ধর্মঘট অব্যাহত থাকায় বিভিন্ন কেন্দ্রে প্রয়োজনীয় কাগজপত্র পৌঁছাইতে কর্মকর্তারা অসুবিধায় পড়িয়াছেন। সবচাইতে সমস্যায় পড়িয়াছে পরীক্ষার্থীরা। পরিবহন ধর্মঘট তাহাদের চিন্তায় ফেলিয়াছে।